কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং-৪৮(০২১)জাতী:বি:/ক:ম:ই:/সচে:কার্য:/২০২৬/৩৯০ তারিখ : ১৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: "Feasibility Study to Assess the Future Readiness and Responsiveness of Bangladesh's Higher Education System" শীর্ষক গবেষণায় অংশ গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়

জাতীয় বিশ্ববিদ্যালয় ও ইউনিসেফ-এর যৌথ উদ্যোগে, কনসিলিয়েরি প্রাইভেট লিমিটেড (CPL) বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থার বর্তমান অবস্থা, কর্মসংস্থান উপযোগিতা এবং চতুর্থ শিল্প বিপ্লব (4IR) ও ভবিষ্যৎ শ্রমবাজারের চ্যালেঞ্জ মোকাবিলায় উচ্চশিক্ষা ব্যবস্থার প্রস্তুতি ও সক্ষমতা মূল্যায়নের লক্ষ্যে "Feasibility Study to Assess the Future Readiness and Responsiveness of Bangladesh's Higher Education System" শীর্ষক একটি গুরুত্বপূর্ণ গবেষণা পরিচালনা করছে। এই গবেষণার মূল উদ্দেশ্য হলো বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীদের দক্ষতা, কর্মসংস্থান যোগ্যতা, উদ্যোক্তা সক্ষমতা, প্রাতিষ্ঠানিক সহায়তা ব্যবস্থা এবং শ্রমবাজারের চাহিদার সঙ্গে শিক্ষার সামঞ্জস্যতা বিশ্লেষণ করা, যাতে ভবিষ্যৎ নীতিনির্ধারণ ও কর্মপরিকল্পনা প্রণয়নে কার্যকর দিকনির্দেশনা প্রদান করা যায়।

এই গবেষণার অংশ হিসেবে আপনার কলেজ/প্রতিষ্ঠানকে গুরুত্বপূর্ণ অংশীজন/উত্তরদাতা হিসেবে নির্বাচিত করা হয়েছে। তথ্য সংগ্রহের সময় আপনার নিকট থেকে উচ্চশিক্ষা, দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান, পাঠ্যক্রম, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বা সংশ্লিষ্ট বিষয়ে কিছু প্রশ্ন করা হতে পারে।

এই গবেষণার কারণে আপনার বা আপনার প্রতিষ্ঠানের কোনো ধরনের ক্ষতি, অসুবিধা বা নেতিবাচক প্রভাব পড়বে না। আপনার প্রদত্ত তথ্য ও মতামত বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থার উন্নয়ন, কর্মসংস্থান যোগ্যতা বৃদ্ধি এবং ভবিষ্যৎ দক্ষতা উন্নয়ন ও উদ্যোগ প্রণয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। উল্লেখ্য, এই গবেষণার আওতায় সংগৃহীত সকল তথ্য কঠোরভাবে গোপনীয় রাখা হবে এবং কেবল গবেষণামূলক বিশ্লেষণ ও নীতিগত সুপারিশ তৈরির জন্য সামষ্টিক (aggregate) আকারে ব্যবহার করা হবে। এই গবেষণায় অংশগ্রহণের জন্য কোনো আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

এমতাবস্থায় কনসিলিয়েরি প্রাইভেট লিমিটেড (CPL)-এর গবেষণা দলকে প্রয়োজনীয় তথ্য প্রদান, আলোচনায় অংশগ্রহণ এবং গবেষণা কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তৃক আদিষ্ট হয়ে সবিনয়ে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

স্বা:

(মোঃ সাহাব উদ্দিন আহাম্মদ)
পরিচালক (ভারপ্রাপ্ত)
কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর

বিতরণ:
অধ্যক্ষ
অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং- ৪৮(০২১)জাতী:বি:/ক:ম:ই:/সচে:কার্য:/২০২৬/৩৯০ তারিখ : ১৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সকল ডিন ও বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় **[পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]**
৪. অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. অফিস কপি।

২৯/০৪/২৬
পরিচালক
কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর